

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওমানজল হোসেন মানিক মিয়া

পৃথিবীর যা কিছু শ্রেষ্ঠ তা শিক্ষা থেকেই এসেছে

স্টেট ইউনিভার্সিটির সমাবর্তনে অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ

🕒 ১০ মে, ২০১৮ ইং ০০:০০ মিঃ



ইত্তেফাক রিপোর্ট

‘একটি জাতির শিক্ষা নিয়ে হেলা-ফেলা করা চলে না। সব উন্নয়নের মূলে রয়েছে শিক্ষা। পৃথিবীর যা কিছু শ্রেষ্ঠ, যা কিছু মহান তা শিক্ষাজাত; শিক্ষা থেকেই এ সবকিছু থেকে এসেছে।’ স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এসইউবি)-এর ৫ম সমাবর্তনে বিশ্বসাহিত্য কেন্দ্র-এর প্রতিষ্ঠাতা অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ এ কথা বলেন।

গতকাল বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এসইউবি’র এ সমাবর্তন অনুষ্ঠিত হয়। সমাবর্তন বক্তব্যে অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ শিক্ষার্থীদের উদ্দেশে আরো বলেন, ‘আমরা এখন একটি অস্থির সময়ে প্রবেশ করেছি। এ সময়ে আমাদের সবার মধ্যে একটি প্রতিযোগিতার মনোভাব তৈরি হয়েছে। আমাদের যেমন সামনে এগিয়ে যেতে হবে, তেমনি থামতেও শিখতে হবে। ঠিক সময়ে থামতে শিখলে তোমরা বৃক্ষের মতো ফুল-পাতায় শোভিত হয়ে উঠবে, দেশের ও জাতির কাজে লাগবে।’

এ সমাবর্তনে স্প্রিং-২০১৬ থেকে ফল-২০১৭ পর্যন্ত সেমিস্টারের মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে উত্তীর্ণ ২ হাজার ৪৮ জন শিক্ষার্থী তাদের ডিগ্রি অর্জন করেন। রাষ্ট্রপতি ও এসইউবি’র আচার্য মোঃ আবদুল হামিদ কর্তৃক মনোনীত হয়ে শিক্ষার্থীদের ডিগ্রি প্রদান করেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)’র চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন এসইউবি’র উপাচার্য অধ্যাপক ড. মোঃ সাঈদ সালাম এবং বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি ডা. এএম শামীম। সমাবর্তন সঞ্চালনা করেন ব্রিগেডিয়ার জেনারেল মির্জা এজাজুর রহমান (অব), রেজিস্ট্রার, এসইউবি।

এসইউবি’র ৫ম সমাবর্তনে ডিগ্রি অর্জনকারী শিক্ষার্থীদের মধ্যে চ্যাম্পেলস’স অ্যাওয়ার্ড-এর জন্য মনোনীত হন দুজন। ভাইস-চ্যাম্পেলস’স অ্যাওয়ার্ড পান মোট ২১ জন শিক্ষার্থী। এ ছাড়া ডিন’স অ্যাওয়ার্ড পান মোট ৪৪ জন শিক্ষার্থী।

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেন, ব্যবসার মনোভাব ত্যাগ করে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে জ্ঞানচর্চা ও সেবার মনোভাব তৈরি করতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের শিক্ষাব্যবস্থায় বড় পরিবর্তন এসেছে। নারী শিক্ষায় আমাদের অর্জন সার্বভূমিক অন্য দেশগুলোর চেয়ে বেশি।

ইউজিসি’র চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেন, শুধু আধুনিক শিক্ষায় শিক্ষিত নয়, নৈতিক শিক্ষায় শিক্ষার্থীদের বলীয়ান করে গড়ে তুলতে হবে।

অধ্যাপক ড. মোঃ সাঈদ সালাম বলেন, তোমরা অনেকদিনের কষ্টের ফল হিসেবে আজ এ স্বীকৃতি পাচ্ছ। তোমাদের ভবিষ্যৎ জীবন সফল হোক। ডা. এএম শামীম বলেন, আমরা কখনোই নিজেদের কেবল শিক্ষার্থী তৈরির কারখানা মনে করিনি বরং দেশকে সচেতন ও দায়িত্বশীল নাগরিক উপহার দেয়ার চেষ্টা করেছি।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত